gণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী

ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
Facebook page : Feni Govt. College, Feni.

তারিখ : ০৫/০৬/২০২৪ খ্রি.

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

## ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিভাগসমূহে ফেনী সরকারি কলেজে ভর্তির জন্য আবেদন করা যাবে :

| | | | |
|---|---|---|---|
| ১। বিএ | ২। বিএসএস | ৩। বিবিএস | ৪। বিএসসি |

### ১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যে কোন শাখা থেকে ২০১৯/২০২০/২০২১ সালের SSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০২১/২০২২/২০২৩ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

গ) ২০১৯/২০২০/২০২১ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১/২০২২/২০২৩ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের (বাংলাদেশের নাগরিক হতে হবে) ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, বোর্ড কর্তৃক সমতা নিরূপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ অথবা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ছ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/কোন তথ্য ভুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## প্রাথমিক ভর্তির আবেদন এর লিংক :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের **www.nu.ac.bd/admissions** এ লগইন করে আগামী ০৫/০৬/২০২৪ খ্রি. থেকে ৩০/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফরম এর প্রিন্ট/ পিডিএফ কপি প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদান পদ্ধতি: (বিকাশ/রকেট/নগদ/সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার এর মাধ্যমে জমা দেওয়া যাবে।)

Sonali Bill Payment System ক্লিক করে অথবা
https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application
অপশান লগ ইন করে ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেকশন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ৩০০/- (তিনশত টাকা) জমা দিয়ে তার রশিদ সংরক্ষণ করতে হবে। (টাকা পেমেন্ট করার পর ফরম এর ভর্তি রোল এর সাথে টাকা পেমেন্টের ভর্তির রোল মিলিয়ে দেখতে হবে।)

# প্রিন্টকৃত আবেদন ফরম কলেজ অফিসে জমা দেওয়ার প্রয়োজন নেই।

(জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রিন্টকৃত ফরম ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমা দেওয়ার রশিদ কলেজে জমা দিতে নির্দেশনা দেওয়া হলে পরবর্তীতে তা বিজ্ঞপ্তির মাধ্যমে শিক্ষার্থীকে জানিয়ে দেওয়া হবে।)

*** প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর অবশ্যই মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ৩০০/- টাকা কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে)

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির আবেদন ফরম এর **Confirmation Massage** আগামী ০১/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে না পাওয়া গেলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের **Admission Panel (http://app1.nu.edu.bd/)** এর **Applicant's Login (Degree Pass login)** অপশনে **Admission Roll** ও **Pin Number** দিয়ে **Login** করলে প্রাপ্ত **Panel** এ **View Application** অপশনে **Status: Received** থাকলে কলেজ কর্তৃক **Received** হয়েছে।
**View Application** অপশনে **Status: Submitted** থাকলে আগামী ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ দুপুর ২.০০ টার মধ্যে প্রশাসনিক ভবন এর নিচ তলায় ১০০৬ নং কম্পিউটার কক্ষে যোগাযোগ করার জন্য নির্দেশ দেওয়া গেল।

**আবেদনকারীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এবং SMS (nu<space>atdg<space> roll no. টাইপ করে 16222 নম্বরে Send করতে হবে এর মাধ্যমে অথবা কলেজ থেকেও মেধা তালিকার ফলাফল জানতে পারবে।**

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পর্কিত তথ্য পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

প্রয়োজনে : ০১৬২১৬৩৫৪৭৫

০৫/০৬/২৪
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী।
6/6/2024